

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২. ইলম ও আলিমের মর্যাদা

بَابُ فِي فَضْلِ الْعِلْمِ وَالْعَالَمِ

আরবী

أَخْبَرَنَا بِشْرُ بْنُ الْحَكَمِ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ رَجَاءٍ، عَنْ هِشَامٍ، عَنْ الْحَسَنِ قَالَ: كَانُوا يَقُولُونَ: «مَوْتُ الْعَالَمِ ثُلْمَةٌ فِي الْإِسْلَامِ لَا يَسْدُّهَا شَيْءٌ مَا اخْتَلَفَ اللَّيْلُ وَالنَّهَارُ

إسناده صحيح

বাংলা

৩৩৩. হিশাম হতে বর্ণিত হাসান রাহি. বলেন: তারা বলতেন: “আলিমের মৃত্যু হলো ইসলামের মধ্যে এমন এক শুন্যস্থান, যা কোন কিছুতেই পূরণ হবে না- যতদিন দিন-রাত আবর্তিত হতে থাকবে (কিয়ামত পর্যন্ত)।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহাহ।

তাখরীজ: আহমদ, আয যুহদ পঃ ২৬২; ইবনু আব্দুল বার, জামি' বাযানিল ইলম নং ১০২১; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ১৭১৯;

এছাড়া আয়িশা রাদিয়াল্লাহু আনহু হতে এটি মারফু' হিসেবে বর্ণিত হয়েছে যা আমরা তাখরীজ করেছি মাজমাউয যাওয়াইদ নং ৯৯৯, এর সনদে অভিযুক্ত রাবী রয়েছে।

এছাড়া জাবির ও আবু দারদা হতেও এ হাদীস মারফু' হিসেবে বর্ণিত হয়েছে। কিন্তু তাতে আনন্দের কিছু নেই। আমরা এগুলো তাখরীজ করেছি মাজমাউয যাওয়াইদ নং ১০০১ এ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69644>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন